

স্থগিত হওয়া ৩ বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৭ আগস্ট ২০২৩, ১০:০৯



ফাইল ছবি (সংগৃহীত)

প্রাকৃতিক দুর্যোগের কারণে স্থগিত হওয়া চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে **Google News** অনুসরণ করুন

রোববার (২৭ আগস্ট) সকাল ১০টায় শুরু হওয়া এইচএসসির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (অব্যশিক) বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। চলবে দুপুর ১টা পর্যন্ত।

এর আগে ১৭ আগস্ট থেকে ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কুমিল্লা, রাজশাহী, যশোর, সিলেট ও দিনাজপুর বোর্ডের এইচএসসি সমমান পরীক্ষা শুরু হয়। এই তিন বোর্ডের এইচএসসি পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছিল।

আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড জানায়, এ বছর আলিম পরীক্ষায় অংশ নেবেন ৯৮ হাজার ৩১ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে ৫৩ হাজার ৬৩ জন ছাত্র ও ৪৪ হাজার ৯৬৮ জন ছাত্রী।

অন্যদিকে কারিগরি বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নেবেন এক লাখ ৫২ হাজার ৭১৭ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে ছাত্র এক লাখ ৯ হাজার ৫৭৩ জন ও ছাত্রী ৪৩ হাজার ৯৬৮ জন।